



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)  
পল্লী ভবন (৭ম তলা)  
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।  
[www.iresppw-brdb.gov.bd/Fax-8189029](http://www.iresppw-brdb.gov.bd/Fax-8189029)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫- ৩৬৪০

তারিখ: ২৯/০৮/২০১৬ খ্রিস্টাব্দ।

বিষয়: ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের অনুমোদন।

সূত্র: ১. উপপরিচালক, বিনাইদহের স্মারক নং-৪৭.৬২.৮৭২৫.০০০০.০১.১৪-৭৮৯ তারিখ: ২৭/০৭/২০১৬ খ্রি:

২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দেবহাটা, সাতক্ষীরা স্মারক নং-৪৭.৬২.৮৭২৫.০০০০.০০.০১.১৬.৮৮ তারিখ: ২১/০৭/২০১৬ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় সাতক্ষীরা জেলার দেবহাটা উপজেলার মাঝা সখিপুর পশ্চিম পাড়া মহিলা সমিতির একজন গ্রাজুয়েট সদস্য জনাব মোছাঃ জাহানারা খাতুন পোল্টি ফার্মের উপর উদ্যোক্তা ঋণের জন্য একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। তার দাখিলকৃত প্রকল্প প্রস্তাবের আলোকে সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) দেবহাটা, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা দেবহাটা এবং উপপরিচালক, বিআরডিবি, সাতক্ষীরা উক্ত প্রকল্প প্রস্তাবটি সরেজমিনে পরিদর্শন পূর্বক ১০০০০০.০০ (এক লক্ষ) টাকার ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ প্রদানের সুপারিশসহ অনুমোদনের প্রস্তাব প্রেরণ করেছেন। আপনার প্রস্তাবের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে উদ্যোক্তা ঋণ টি অনুমোদন করা হলোঃ

- ১। উদ্যোক্তা সদস্যকে প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের ৫০% নিজে নির্বাহ করতে হবে।
- ২। চাহিত ঋণের ন্যূনতম সমপরিমাণ মূল্যের স্থায়ী সম্পত্তি মরগেজ হিসেবে দাখিল করতে হবে;
- ৩। উদ্যোক্তা সদস্যের পরিবারের সদস্য নয় এরূপ একজনের ঋণের জামিনদার হিসেবে সম্মতিপত্র দাখিল করতে হবে;
- ৪। ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্প চুক্তি পত্র সম্পাদান করতে হবে।
- ৫। উদ্যোক্তা ঋণের প্রয়োজনীয় সকল কাগজপত্র সংরক্ষণ করতে হবে।

স্বাক্ষরিত

২৯/০৮/২০১৬

(প্রকৌশলী মোহাম্মদ রাশেদুল আলম)

প্রকল্প পরিচালক (ইরেসপো)

বিআরডিবি, ঢাকা।

উপপরিচালক

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড


সাতক্ষীরা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৩৪৯.১৫-

তারিখ: ২৯/০৮/২০১৬ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ দেবহাটা, জেলাঃ সাতক্ষীরা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৩। পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
- ৪। প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৫। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ দেবহাটা, জেলাঃ সাতক্ষীরা।
- ৬। অফিস কপি।

  
(মোঃ হাবিবুর রহমান হাবিব)  
সহকারী পরিচালক (উন্নয়ন)  
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।